# কর্মসংস্থান ব্যাংক

প্রধান কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ভবন
১, রাজউক এভিনিউ, ঢাকা।
**কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ**
E-mail: pmthrd@kb.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

"শুদ্ধাচার আর শিষ্টাচার
কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার"

সূত্র নম্বর-৫৩.১৭.০০০০.১১০.১১.০০১.১৯-৯৫৪ তারিখ: ২৫ সেপ্টেম্বর, ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান ব্যাংকের নিম্নোক্ত শূন্যপদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে **অনলাইনে** দরখাস্ত আহবান করা যাচ্ছে :

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পদের নাম</th><th>জাতীয় বেতন স্কেল,২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল</th><th>পদ সংখ্যা</th><th>ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা</th><th></th></tr>
<tr><td>(১)</td><td>সহকারী অফিসার (সাধারণ)</td><td rowspan="2">গ্রেড-১৩<br>(টাকা ১১,০০০-২৬,৫৯০)</td><td>৬২ (বাষট্টি) টি</td><td rowspan="2">(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী অথবা গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে গ্রেডপয়েন্ট এভারেজ (জিপিএ) বা কম্বাইন্ড গ্রেড পয়েন্ট এভারেজ (সিজিপিএ) ৪.০০ স্কেলে অন্যূন ২.২৫ বা ৫.০০ স্কেলে অন্যূন ২.৮১;<br>(খ) সমগ্র শিক্ষাজীবনে অন্যূন একটি প্রথম বিভাগ বা শ্রেণি বা সমমান থাকতে হবে। তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে গ্রেড পয়েন্ট এভারেজ (জিপিএ) বা কম্বাইন্ড গ্রেড পয়েন্ট এভারেজ (সিজিপিএ) ৪.০০ স্কেলে অন্যূন ২.২৫ বা ৫.০০ স্কেলে অন্যূন ২.৮১ এর কম গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নংশিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ<br>(i) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-
<table>
<tr><td>জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব</td><td>প্রথম বিভাগ</td></tr>
<tr><td>জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ</td></tr>
</table>
(ii) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-
<table>
<tr><th colspan="2">অর্জিত সিজিপিএ</th><th rowspan="2">সমতুল্য শ্রেণি/বিভাগ</th></tr>
<tr><th>৪.০০ পয়েন্ট স্কেলে</th><th>৫.০০ পয়েন্ট স্কেলে</th></tr>
<tr><td>৩.০০ বা তদূর্ধ্ব</td><td>৩.৭৫ বা তদূর্ধ্ব</td><td>প্রথম বিভাগ/শ্রেণি</td></tr>
<tr><td>২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম</td><td>২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ/শ্রেণি</td></tr>
</table>
</td><td rowspan="2">উভয় পদে এমসিকিউ এবং লিখিত পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে।</td></tr>
<tr><td>(২)</td><td>সহকারী অফিসার (ক্যাশ)</td><td>৬৫ (পঁয়ষট্টি) টি</td></tr>
</table>

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয় :**

০১। 'o' Level ও 'A' Level পাস হলে দেশীর সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

০২। বয়স (**২৬/০৯/২০১৯** তারিখে) : (ক) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।
(খ) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।
(গ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। শুধুমাত্র Bdjobs.com/kb এই ওয়েবসাইটের মাধ্যমে online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪। আবেদন ফি ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা (অফেরৎযোগ্য) । অনলাইন সার্ভিস চার্জ ৪/- (চার) টাকা। মোট ৩৫৪/- (তিনশত চুয়ান্ন) টাকা "শিওরক্যাশ" এর মাধ্যমে প্রদান করতে হবে।

০৫। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে বর্ণিত তথ্যাবলির সমর্থনে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/১ম শ্রেণির ব্যাংক কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত সনদপত্র/কাগজপত্রের অনুলিপি আহ্বান করা হবে। দাখিলকৃত সনদপত্র/কাগজপত্রের সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে :

(ক) ০৪ কপি রঙ্গিন পাসপোর্ট সাইজ ছবি;
(খ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের Applicant's copy;
(গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;
(ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;
**(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;**
(চ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
(ছ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(জ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা আনসার অ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ঞ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং
(ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

চলমান পাতা-০২

০৬। প্রার্থীদের এম.সি.কিউ, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৭। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৮। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৯। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলি :**

(ক) প্রার্থীদেরকে www.bdjobs.com/kb এই ওয়েবসাইটের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না;

(খ) আবেদনের সময়সীমা ২৮.০৯.২০১৯ (স্থানীয় সময় সকাল - ১০:০০ ঘটিকা) হতে ২৭.১০.২০১৯ (স্থানীয় সময় রাত - ১২:০০ ঘটিকা);

(গ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর ও রঙিন ছবি JPG format এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবি এবং স্বাক্ষর Upload করার সময় লিংকে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী Applicant ID, login ID ছবি এবং স্বাক্ষরসম্বলিত একটি Applicant's Copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's Copy রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন।

(ঘ) এমসিকিউ/লিখিত পরীক্ষার সময়, স্থান এবং Admit Card ডাউনলোড এর বিষয়ে জাতীয় দৈনিক, কর্মসংস্থান ব্যাংকের ওয়েবসাইট ও www.bdjobs.com/kb এ এবং প্রার্থীর মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

১০। **আবেদন ফি জমা দেওয়ার নিয়ম :** সঠিকভাবে অনলাইনে আবেদনপত্র পূরণ করার পর Applicant's Copy - তে প্রদত্ত সময়ের মধ্যে (৭২ ঘন্টা) শিওর ক্যাশের মাধ্যমে আবেদন ফি বাবদ ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ) টাকা এবং অনলাইন সার্ভিস চার্জ বাবদ ০৪ (চার) টাকা সর্বমোট ৩৫৪.০০ (তিনশত চুয়ান্ন) টাকা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে। মোবাইলের মাধ্যমে শিওর ক্যাশ USSD Menu থেকে ফি প্রদান করার নিয়ম :

USSD Menu'র জন্য *495# ডায়াল করুন>পেমেন্টের জন্য 3 টাইপ করুন> KBJOB টাইপ করুন> Applicant ID টাইপ করুন> আবেদনপত্রে উল্লিখিত আপনার Mobile number টাইপ করুন> আবেদনের তথ্য এবং আবেদনের ফি screen এ দেখুন> আপনার শিওর ক্যাশ একাউন্টের পিন নম্বর টাইপ করুন>Txn ID সহ successful message দেখুন।

**শিওর ক্যাশ অ্যাপ থেকে ফি প্রদান করার নিয়ম:**

Google play store/App store থেকে শিওর ক্যাশ অ্যাপ ডাউনলোড করুন। অ্যাপে লগইন করে payment মেন্যু সিলেক্ট করুন>payee অপশনে KBJOB লিখে NEXT সিলেক্ট করুন> এপ্লিকেশন ID টাইপ করুন> আবেদনপত্রে উল্লিখিত আপনার Mobile number টাইপ করুন> আবেদনকারীর নাম, Applicant ID এবং আবেদন ফি নিশ্চিত হয়ে Next সিলেক্ট করুন> Confirm করুন>Txn ID সহ successful message দেখুন।

আবেদন ফি পরিশোধ করার পর প্রয়োজনে আপনার ID তে login করে payment status জেনে নিতে পারেন।

১১। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোনো তথ্য বা কাগজপত্র অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করাসহ আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো / সকল আবেদন বাতিল / গ্রহণ/ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য Bdjobs.com এবং কর্মসংস্থান ব্যাংকের www.kb.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

**মোঃ আবদুল খালেক মিয়া**
উপমহাব্যবস্থাপক